দৈনিক

তারিখ · 11 JAN 2016
পৃঃ ... কলাম ...

# মানিকগঞ্জ মেডিক্যাল কলেজের ক্লাস উদ্বোধন

■ মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জ মেডিক্যাল কলেজে ২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরিচিতি ও ক্লাসের উদ্বোধন রবিবার অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক স্বপন।

তিনি বলেন, বর্তমান প্রধানমন্ত্রী স্বাস্থ্য সেবাকে জনগণের দুয়ারে পৌঁছে দেয়ার জন্য কাজ করে যাচ্ছেন। এই সরকারের আমলে বাংলাদেশে ৮০টি মেডিক্যাল কলেজ স্থাপিত হয়েছে।

এ সময় আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার মাহাফুজুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক মো. মজিবুর রহমান, সিভিল সার্জন ডা. ইমরান আলী, সরকারি দেবেন্দ্র কলেজের অধ্যক্ষ মো. শাহজাহান, মানিকগঞ্জ মেডিক্যাল কলেজের অধ্যাপক ডা. আনিছুর রহমান এবং প্রফেসর ডা. সিবেন্দু মজুমদার। মানিকগঞ্জ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন সহ-সভাপতি মানিকগঞ্জ জেলা আওয়ামী লীগ মো. হেলাল উদ্দিন, পৌর আওয়ামী লীগের সভাপতি মোনায়েম খান, সেচ্ছাসেবক লীগের সভাপতি লিয়াকত আলী ভান্ডারী প্রমুখ।